ভোরের কাগজ

তারিখ ... SEP 08 1999 ...
পৃষ্ঠা ৩২ কলাম ১ ......

৩

ইসলামী বিশ্ববিদ্যালয়ে উত্তেজনা

# ছাত্রীদের সম্ভ্রম রক্ষা করতে গিয়ে শিক্ষক লাঞ্ছিত

**ঝিনাইদহ প্রতিনিধি :** ছাত্রীদের সম্ভ্রম রক্ষা করতে গিয়ে গতকাল মঙ্গলবার ইসলামী বিশ্ববিদ্যালয়ে কিছু উচ্ছৃঙ্খল ছাত্রের হাতে লাঞ্ছিত হয়েছেন একজন শিক্ষক। এ ঘটনাকে কেন্দ্র করে ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, গতকাল সকালে বিশ্ববিদ্যালয়ে দাওয়া ও একাউন্টিং বিভাগের মধ্যে আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা হয়। খেলায় দাওয়া বিভাগ টাইব্রেকারে জয়লাভ করে। বিজয়ীদলের ছাত্ররা বিজয় মিছিল করতে গিয়ে একপর্যায়ে ছাত্রীদের ভিড়ের মধ্যে ঢুকে পড়ে তাদের শ্লীলতাহানির চেষ্টা চালায়। এ সময় প্রভাষক আলীনুর রহমানসহ কয়েকজন এগিয়ে এলে উচ্ছৃঙ্খল যুবকরা একজন শিক্ষককে লাঞ্ছিত করে। এ ঘটনার পর ক্যাম্পাসে বিক্ষিপ্তভাবে কয়েকটি বোমা বিস্ফোরিত হয়।

নিগৃহীত শিক্ষক-ছাত্রছাত্রীরা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে দোষীদের বিচার দাবি করেছেন।